# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 12-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-------------------------------------

১) মুখ্যমন্ত্রী নিযুত মইনা প্রকল্প রূপায়ন করার জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত গ্রহন।

২) রাজ্যের ৮০০ টি চা বাগানের সড়ক সংযোগ উন্নত করার জন্য মন্ত্রিসভার বৈঠকে ৮০০ কোটি টাকার অনুমোদন।

৩) অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আগামী ২৪ শে জুন ও রাজ্যসভার অধিবেশন ২৭ শে জুন থেকে আরম্ভ।

এবং

৪) সমগ্র রাজ্যজুড়ে শিশু শ্রম বিরোধী দিবস উদযাপন/ শিশু সুরক্ষার ক্ষেত্রে রাজ্য সরকার সম্পূর্ণরূপে দায়বদ্ধ বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্য।

---------------------------------------------------------------------------

রাজ্য সরকার পূর্ব ঘোষিত মুখ্যমন্ত্রী নিযুত মইনা প্রকল্প রুপায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।আজ অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকের পর মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সাংবাদিক সম্মেলনে একথা ঘোষনা করেন । তিনি বলেন

যে রাজ্য মন্ত্রীসভা আজ এই প্রকল্পটিতে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করেছে ।এই প্রকল্প অনুযায়ী একাদশ শ্রেণীতে ভর্তি হোয়া প্রতিজন ছাত্রী মাসে একহাজার টাকা করে লাভ করবে । গ্রীষ্মের ছুটির দুটি মাসকে বাদ দিয়ে উচ্চতর মাধ্যমিক শ্রেণীর সমগ্র সময়কালে প্রতি মাসের ১১ তারিখ সংশ্লিষ্ট ছাত্রীর একাউন্টে এই অর্থ ঢুকবে বলে উল্লেখ করে তিনি বলেন যে তিনবছর অথবা চার বছরব্যাপী স্নাতক পাঠ্যক্রমে অধ্যয়নরত ছাত্রীদের জন্য এই প্রকল্পের অর্থের পরিমান হলো এক হাজার ২৫০ টাকা । অন্যদিকে বি এড পাঠ্যক্রম সহ স্নাতোকত্তর পাঠাক্রমে অধ্যয়নরত প্রতিজন ছাত্রী এই প্রকল্পের অধীনে ২ হাজার ৫০০ টাকা করে লাভ করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।

বাল্য বিবাহ রোধের প্রতি লক্ষ্য রেখে এই প্রকল্প প্রস্তুত করা হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে উচ্চতর মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে কোনো বিবাহিত ছাত্রী এই প্রকল্পের সুবিধা লাভ করতে পারবেনা ।ব্যাক্তিগত ক্ষেত্রের শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রীরা এই সুবিধা পাবেনা বলে মুখ্যমন্ত্রী জানান ।

এদিকে অর্থনৈতিকভাবে দূর্বল শিক্ষার্থী নীটের পরীক্ষায় সফলতা লাভ করার জন্য রাজ্য সরকার ফলপ্রসূ প্রচেষ্টা হাতে নিয়েছে বলে তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে রাজ্য যুব আয়োগের নেতৃত্বে শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে । ডিব্রুগড়ে এলেনের সংগে যৌথভাবে ২২০ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল ও এর মধ্যে ১৫০ জন শিক্ষার্থী উত্তীর্ন হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।মুখ্যমন্ত্রী বলেন যে শীঘ্র শিলচর , নলবারী ও যোরহাটে প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে । উল্লেখ্য ৮০০ টি চা বাগানের মধ্যের সড়ক নির্মানের জন্য আজ মন্ত্রীসভার বৈঠকে ৮০০ কোটি টাকায় অনুমোদন জানানো হয় ।

---

সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন বিভাগের মন্ত্রীর দায়িত্বে থাকা অতুল বরা আজ বিভাগীয় কাজ কর্ম তথা সাম্প্রতিক অগ্রগতির পর্যালোচনা করেন । এই উদ্দেশ্যে শ্রী বরা জনতা ভবনে আজ অনুষ্ঠিত এক বৈঠকে বিভাগীয় প্রবীন আধিকারিকদের সংগে মিলিত হন ।বৈঠকে তিনি সীমান্ত অঞ্চলে অব্যাহত

রাখা উন্নয়নমূলক কাজের খোজ নেন ।আর্ন্তজাতিক সীমাবিবাদ সমাধানের জন্য প্রতিবেশী রাজ্যগুলির সংগে রাজ্য সরকারের আলোচনার সর্বশেষ স্থিতি সম্পর্কে তিনি বিভাগীয় প্রবীন আধিকারিকদের সংগে বৈঠকে আলোচনা করেন । বৈঠকে সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন বিভাগের প্রধান সচিব জি ডি ত্রিপাঠী , অতিরিক্ত সচিব কুলশ্রী নাথ , সঞ্চালিকা শুভলক্ষ্মী ডেকা সহ বিভাগীয় আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আগামী ২৪ শে জুন আরম্ভ হবে । এই অধিবেশনে নবনির্বাচিত সদস্যদের শপথগ্রহণ ,অধ্যক্ষ নির্বাচন, রাষ্ট্রপতির ভাষণ ইত্যাদি সহ অন্যান্য কয়েকটি বিষয়ে আলোচনা করা হবে । এদিকে রাজ্যসভার ২৬৪তম অধিবেশন ২৭ শে জুন আরম্ভ হবে  এবং তেসরা জুলাই শেষ হবে । কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে দেশের জনসাধারণ তাঁদের নেতা নির্বাচন করেছেন এবং এখন দেশের সেবা করাই হচ্ছে আমাদের কর্তব্য । তিনি আরো বলেন যে সংসদ হচ্ছে ১৪০ কোটি ভারতীয়ের আকাঙ্খা পূরণ করার জন্য আলোচনা ,সমালোচনা তথা বিতর্ক করার উপযুক্ত মঞ্চ ।

--------------------------------------------------------------------------------

নির্মলা সীতারমণ আজ নতুন দিল্লীতে কন্দ্রীয় মন্ত্রীসভার অর্থ ও কর্পোরেট পরিক্রমা বিভাগের দায়িত্বভার গ্রহণ করেন । কার্যভার গ্রহণ করে নবনিযুক্ত মন্ত্রী তাঁকে পুনরায় অর্থ ও কর্পোরেট পরিক্রমা বিভাগের দায়িত্ব অর্পণ করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন । তিনি বিগত ১০ বছরে প্রধানমন্ত্রী মোদীর শক্তিশালী নেতৃত্ব তথা উন্নয়নমূখী প্রশাসনের বিষয়ে উল্লেখ করে বলেন যে তাঁর এধরণের নেতৃত্বের জন্যই দেশ বিভিন্ন ক্ষেত্রে সংস্কারমূখী পরিবর্তনের পথ দেখতে পেয়েছে এবং মজবুত অর্থনৈতিক শক্তি হিসেবে মাথা উচুঁ করে দাড়াতে সক্ষম হয়েছে ।
অর্থ ও কর্পোরেট পরিক্রমা মন্ত্রনালয়ের অর্ন্তগত ভিন্ন ভিন্ন বিভাগের সচিবরা বিভিন্ন প্রকল্প সম্পর্কে মন্ত্রীকে অবগত করানোর পর তিনি বলেন যে দেশের নাগরিকদের জীবন ধারণের মান সহজ হয়ে ওঠার বিষয়টি নিশ্চিত করার জন্য

সরকার সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ । ২০১৪ সালে আরম্ভ করা সংস্কারমূলক পদক্ষেপগুলি অব্যাহত থাকবে বলে উল্লেখ করে তিনি বলেন যে এর মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ও সুস্থিরতা অধিক বৃদ্ধি পাবে ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গাড়কারী আজ সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রনালয়ের দায়িত্বভার গ্রহণ করেন । শ্রী গাড়কারী মোদী তৃতীয়বারের কার্যকালে পুনরায় তাঁকে সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রনালয়ের দায়িত্বভার অর্পণ করার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । তিনি বলেন যে প্রধানমন্ত্রী মোদীর দূরদর্শী নেতৃত্বের অধীনে দ্রুতভাবে ভারত বিশ্বমানের আধুনিক পরিকাঠামোর মাধ্যমে পরিপূর্ণ হয়ে উঠবে । সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী অজয় তান্তা ও হর্ষ মালহোত্রাও আজ তঁদের দায়িত্বভার গ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------

শিশু শ্রমের বিরুদ্ধে ব্যাপক সচেতনতা সৃষ্টির জন্য আজ বিশ্ব জুড়ে শিশু শ্রম বিরোধী দিবস পালন করা হয়েছে । আসামের বিভিন্ন স্থানে আজ এই দিবস উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচী পালন করা হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এ সম্পর্কে বলেন যে আসাম সরকার শিশু সুরক্ষার লক্ষ্যে সম্পূর্ণ দায়বদ্ধ । সেইসঙ্গে তিনি রাজ্যের যেকোনো স্থানে শিশু শ্রমিক  বা শিশু নির্যাতনের ঘটনা দৃষ্টিগোচর হলে তাৎক্ষণিকভাবে বিভাগীয় কর্তৃপক্ষকে অবগত করানোর সংকল্প গ্রহণ করার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা শিশু সুরক্ষা সমিতির আধিকারীক ধনজিৎ চৌধুরী এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে রোহিত দাস নামের ১১ বছরের একটি শিশু , শিশু সুরক্ষা সমিতির দায়িত্বে রয়েছে । এই শিশুটিকে যদি কোন অভিভাবক লালন-পালন করতে ইচ্ছুক থাকেন তাহলে অভিভাবকরা কাছাড় জেলা শিশু সুরক্ষা সমিতির কার্য্যলয়ের সঙ্গে যোগাযোগ করতে পারেন ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের চেয়ারম্যান তথা জেলা ম্যাজিষ্ট্রেট শিলচর শহরের রাঙ্গিরখাল , সিঙ্গিরখাল ও লংগাইখাল পরিদর্শন করার পর সংশ্লিষ্ট এলাকার কিছু বাসিন্দা ম্যানহোলের ব্যবস্থা না রেখে সংযুক্ত ড্রেনের উপর আর সি সি স্ল্যাব, অস্থায়ী বাঁশের কাঠামো নির্মান করেছেন , যারফলে ড্রেন পরিষ্কার করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে । জেলা ম্যাজিষ্ট্রেট আগামী ৩০ শে জুনের মধ্যে ড্রেনের উপর নির্মিত অস্থায়ী বাঁশের কাঠামো, আর সি সি স্ল্যাব সরাতে নির্দেশ দিয়েছেন । নির্দেশ অমান্য করলে দূর্যোগ ব্যবস্থাপনা আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনর আসাম রাজ্য কমিটির কাছাড় জেলার কাটিগড়া , সোনাই সহ রাজ্যের বিভিন্ন স্থানে গত কয়েকদিনে বিদ্যুৎ-তের তার ছিড়ে ও বিদ্যুৎতের খুটি ভেঙ্গে , ট্রান্সফরমারের গোলযোগে মানুষের মৃত্যু , বাসগৃহে অগ্নি সংযোগের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে । এসোসিয়েশনের পক্ষ থেকে অবিলম্বে বিদ্যুতের পুরোনো তার , খুটি ,ট্রান্সফরমার পরিবর্তন করার দাবী জানানো হয়েছে । এছাড়া এসোসিয়েশনের পক্ষ থেকে বিদ্যুৎ বিভাগের গাফলতিতে মৃত্যু হওয়া ব্যাক্তির নিকট আত্মীয়কে এবং আহত ও ক্ষতিগ্রস্থ ব্যাক্তিদের উপযুক্ত ক্ষতিপূরন প্রদানের দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স এবং করিমগঞ্জ জেলা পুলিশের যৌথ অভিযানে আজ জেলার লালাজুয়ার এলাকায় অভিযান চালিয়ে একটি বেলেরো গাড়ির গোপন চেম্বার থেকে দু লক্ষ ২০ হাজার ইয়াবা ট্যাবলেট জব্দ করেছে । এই ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ খায়রুল হোসেন , মামন মিয়া এবং নবীর হোসেন নামে তিনজন ব্যাক্তিকে আটক করেছে । ধৃতরা সবাই ত্রিপুরার বাসিন্দা বলে জানা গেছে । পুলিশ জানিয়েছে জব্দ কৃত ইয়াবা ট্যাবলেটের বাজার মূল্য ৬৬ কোটী টাকা হবে ।

---------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার পক্ষ থেকে আজ লালার শেফালিকা রায় স্মৃতি মাতৃভাষা  আর্দশ বিদ্যাপীঠের ছাত্র-ছাত্রীদের জন্য একশ লিটার ক্ষমতা সম্পন্ন একটি ফিল্টার প্রদান করা হয়েছে । ক্লাবের পক্ষ থেকে বিদ্যালয়ের অধ্যক্ষা কৈনাতম্বী সিংহের হাতে এই ফিল্টার তুলে দেওয়া হয়েছে । এউপলক্ষ্যে আয়োজিত সভায় লালা খন্ড উন্নয়ন আধিকারীক আদিত্য মূখার্জি , ক্লাবের পক্ষে নুরুল মজুমদার , লালা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যক্ষ রথীন্দ্র নাথ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------